রেজিস্টার্ড নং ডিএ-১

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৯, ২০২৬

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর

অফিস আদেশ

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/০৬ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.২০২.২০.৩২৭৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী পরিচালককে বর্তমান কর্মস্থল হতে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

জনাব লতিফ মুহাম্মদ হোসেন তৌফিক, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, মতিঝিল, ঢাকা—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, কক্সবাজার।

২। বর্ণিত কর্মকর্তা জনাব নাছরিন মোর্শেদ, সঞ্চয় অফিসার, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, মতিঝিল, ঢাকা এর নিকট দায়িত্বভার হস্তান্তরপূর্বক বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। জনাব নাছরিন মোর্শেদ, সঞ্চয় অফিসারকে সরকারি প্রয়োজনে/প্রশাসনিক স্বার্থে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, মতিঝিল, ঢাকা এর দৈনন্দিন লেনদেন কার্যাদি সম্পাদনের জন্য আয়ন-ব্যয়ন ক্ষমতাসহ ব্যুরোর ভারপ্রাপ্ত কর্মকর্তার সাময়িক দায়িত্ব প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তা আগামী ০৮-১০-২০২৬ খ্রি: তারিখের মধ্যে বর্তমান কমস্থল হতে অবমুক্তি গ্রহণ করবেন। অন্যথায় ০৮-১০-২০২৬ খ্রি: তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক অবমুক্ত মর্মে গণ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মো: রেজানুর রহমান
উপপরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: : 01-OCT-26

নং **আরজেএসসি/ডি, এন/17895**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Medidrive Limited.[C-26770] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি, এন/17896**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Motodrive Ltd.[C-20250] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

Jadhob Kumar Poddar
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তি

তারিখ: 05-OCT-26

নং **আরজেএসসি/ডি, এন/17897**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, STARTEX FABRICS Ltd.[C-122466] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

Ananta Kumar Paul
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

কারা অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩/২৭ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০৭.০০০০.০২২.০১.০০৩.২০২৬-৪১৩**—নিম্নবর্ণিত উপ-তত্ত্বাবধায়ক/জেলার (ভারপ্রাপ্ত)-দ্বয়ের নামের পাশে উল্লিখিত কারাগার /কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো। উপ-তত্ত্বাবধায়ক/জেলার (ভারপ্রাপ্ত)-কে জেলারের চলতি দায়িত্ব প্রদান করা হল।

ক্র:	কর্মকর্তার নাম ও পদবি	নিজ জেলা	বর্তমান কর্মস্থল ও পদ	বদলি/পদায়নকৃত কর্মস্থল ও পদ	মন্তব্য
১	মনজুরুল ইসলাম জেলার (ভারপ্রাপ্ত)	চট্টগ্রাম	বান্দরবান জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত)	নরসিংদী জেলা কারাগার উপ-তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত) সংযুক্ত: বিভাগীয় সদর, দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম	
২	তৌহিদুল ইসলাম উপ-তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত)	লক্ষ্মীপুর	নরসিংদী জেলা কারাগার উপ-তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত) প্রেষণে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার	বান্দরবান জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত)	

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
কারা মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)।

জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
(ভূমি অধিগ্রহণ শাখা)
এল.এ কেস নং-১৪(২)/১৯৮৭-৮৮
ফরম-ঘ
(৫নং বিধি দ্রষ্টব্য)
'ঘোষণা'
[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী পানি উন্নয়ন বিভাগের আওতাধীন "রোড-কাম-ডাইক নির্মাণ" করার জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ২৭৫/৮৬নং চর জব্বর, উপজেলা: সদর বর্তমানে সুবর্ণচর, জেলা: নোয়াখালী

খতিয়ান নং (দিয়ারা)	দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর)
৪০৪৫	৫/২	০.২২০০
১	৪/৯	০.১০০০
১	৪	০.২৭০০
১	৫/১	০.০৪০০
১	৫	০.০৮০০
১	৫/৫	০.০৮০০
	মোট	**০.৭৯০০ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

এল.এ কেস নং-১৪(১)/১৯৮৭-৮৮
ফরম-ঘ
(৫নং বিধি দ্রষ্টব্য)
'ঘোষণা'
[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী পানি উন্নয়ন বিভাগের আওতাধীন এল. এ. কেস নং-১৪(১)/১৯৮৭-৮৮ মূলে নোয়াখালী জেলার সাবেক সুধারাম হাল সুবর্ণচর উপজেলাধীন ২৭৫/৮৬নং পশ্চিম চরজব্বর মৌজায় ৩.৩০ একর ভূমি "রোড-কাম-ডাইক নির্মাণ" করার জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ২৭৫/৮৬নং চর জব্বর, উপজেলা: সুবর্ণচর, জেলা: নোয়াখালী।

দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর)
৫৩/১১৯	১.৯০
৫৪/২২	০.৬৩
৫৪	০.১২
৫৫	০.৬৫
মোট=	**৩.৩০ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

এল.এ কেস নং-১৫(১)/১৯৮৭-৮৮

ফরম-ঘ

(৫নং বিধি দ্রষ্টব্য)

'ঘোষণা'

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী নির্বাহী প্রকৌশলী পওর বিভাগের আওতাধীন এল.এ. কেস নং-১৫(১)/১৯৮৭-৮৮ মূলে নোয়াখালী জেলার সাবেক সুধারাম হাল সুবর্ণচর উপজেলাধীন ২৮০/৮৬নং চর পানা উল্লা মৌজায় ১.৬৪ একর ভূমি "রোড-কাম-ডাইক নির্মাণ" প্রকল্পের জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ২৮০/৮৬নং চর পানা উল্ল্যা, উপজেলা: সুবর্ণচর, জেলা: নোয়াখালী

দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমান (একর)
৪০১/৭৬	০.০২
৪০১/৭৭	০.০২
৪০১/৭১	০.৩১
৪০১/৪৮	০.০৮
৪০১/৪৭	০.২১
৪০১/৪৬	০.২২
৪০১/১৩৬	০.১৫
৪০১/৮০	০.১৬
৪০১	০.৪৭
মোট	**১.৬৪ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

এল.এ কেস নং-২৭/১৯৮১-৮২

ফরম-ঘ

(৫নং বিধি দ্রষ্টব্য)

'ঘোষণা'

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে বিভাগের আওতাধীন এল.এ কেস নং-২৭/১৯৮১-৮২ মূলে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন ১৯ নং চর ঈশ্বর রায় মৌজায় ২.০০ একর ভূমি "হাতিয়া পাওয়ার হাউজ, বিদ্যুৎ সরবরাহ অফিস ও কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বাসস্থান নির্মাণ প্রকল্পের" জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ১৯ নং চর ঈশ্বর রায়, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।

দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমান (একর)
৪৯০৩৩	০.৩০
৪৯০৯৫	০.৭৮
৪৯০৯৬	০.৯২
মোট=	**২.০০ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

এল.এ কেস নং-১৫/১৯৮৭-৮৮

ফরম-ঘ

(৫নং বিধি দ্রষ্টব্য)

'ঘোষণা'

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী পানি উন্নয়ন বিভাগের আওতাধীন "ভূমি উদ্ধার রোড-কাম-ডাইক নির্মাণ" করার জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ২৮০/৮৬নং চর পানাউল্যা, উপজেলা: সদর বর্তমানে সুবর্ণচর, জেলা: নোয়াখালী,

খতিয়ান নং (দিয়ারা)	দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমান (একর)
৪২৪	৫০১/৩৪	০.৫৯০০
৪২৪	৫০১/৩৯	০.০৩০০
২৬৫	৫০১/৪০	০.২০০০
১	৫০১/৪১	০.১৮০০
১	৫০১	০.৪৪০০
১	৫০১/৩৬	০.২৩০০
১	৫০১/৫১	০.০৭০০
১	৫০১/৫২	০.০৪০০
	মোট=	**১.৭৮০০ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

এল.এ কেস নং-৫/১৯৮৫-৮৬

ফরম-ঘ

(৫নং বিধি দ্রষ্টব্য)

'ঘোষণা'

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নোয়াখালীর ভূমি উদ্ধার পাইলট প্রকল্পের অধীন ''কনস্ট্রাকশন অব ইনটারিয়ার ডাইক'' এর জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ২৮২/৮৭ নং উত্তর কচ্ছপিয়া, উপজেলা: নোয়াখালী সদর, জেলা: নোয়াখালী।

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর)
১৪৭	৪২২	০.৭৫০০
১	৪২৫	০.২০০০
১	৪২৮	০.২০০০
১৩২	৪২৬	০.৩৩০০
১৩২	৪৩৩	০.১০০০
৩৮৮	৪৩৫	০.৫৫০০
	মোট=	**২.১৩০০ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

এল.এ কেস নং-০২/৯৮-৯৯

ফরম-ঘ

(৫নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নোয়াখালী উপকূলীয় বেড়ী বাঁধ পূর্ণবাসন প্রকল্পের জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজার নাম: ১৯ নং চর ঈশ্বর রায় , উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী,

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর)
২০৯৮	২৯২৪৭	০.৩৮০০
২০৯৮	২৯২৪৬	০.১৩০০
৭৫৬	২৯৩০০	০.৪৩০০
২১২৫	২৯৩০৮	০.০২০০
১৬৫০	২৯৩৮৭	০.১৩০০
১০৪১	২৯৩১৬	০.১৯০০
৭২০	২৯৩১৭	০.১৯০০
২০৯৮	২৯২৪৭	০.০৩০০
২০৯৮	২৯২৪৭	০.১৮০০
১৩১৬	৯৩৭০	০.০৫০০
১৭৭৫	২৯৪২৫	০.১১০০
১৭৮৫	২৯৪২৬	০.১২০০
১৫৮৭	২৯৫৮৯	০.০৫০০
২১২৫	২৯৩৮৮	০.৩৬০০
১৯৫৯	২৯৩১২	০.২০০০
১০৪১	২৯৩১৬	০.২০০০
৪৪৪	২৯৩২০	০.৩৯০০
৬৭১	২৯৩২৩	০.৪১০০
৬৬৮	২৯৩৬৬	০.২৬০০
৬৬৮	২৯৩৬৭	০.১৫০০
১৩২৬	২৯৩৭০/২৯৫৩৬	০.৩১০০
৮০৭	২৯২৭৬	০.৭৪০০
২০৯৮	২৯২৪৭	০.২২০০
২০৯৮	২৯২৪৭	০.০৮০০
২১২৪	২৯৪৪৯	০.১০০০
১৫৮৭	২৯৫৯১	০.২০০০
৪২৭৯	২৯৫০১	০.০১০০
৪২৭৯	২৯৫০৩	০.২০০০
৪২৭৯	২৯৫০৪	০.০৬০০
১৬৫০	২৯৩৮৭	০.২০০০

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর)
১৬৪৮	২৯৩৮৬	০.০৬০০
১৬৪৬	২৯৩৯০	০.৩৫০০
৬৬৫	২৯৪১৬	০.৪৪০০
২১২৪, ২১২৪/২, ২১২৪/৪	৯৪৪৯	১.৯৬০০
১৬৪৬	২৯৩৯০	০.০৫০০
২১২৪/৬	২৯৪৪৯	০.৫৮০০
১৫৮৭	২৯৪৮২	০.০৮০০
৫৩৩৫	২৯৫৯১	০.০১০০
৪২৭৯	২৯৫০৬	০.৩৭০০
৪২৭৯	২৯৫১৫	০.০৯০০
২০৯৭	২৯২৪৮	০.০১০০
২১২৪	২৯৪৪৯	০.১০০০
৪২৭৯	২৯৫০৬	০.৩৫০০
৪২৭৯	২৯৫০৫	০.০৪০০
১৯৬২	২৯৩০৫	০.০৫০০
১৯৬২	২৯৩০৬	০.৩৩০০
৭২০	২৯৩১৭	০.২০০০
১৫৮৫	২৯৪৪২	০.৩১০০
১৫৮৫	২৯৫৮৯	০.২৪০০
৪৩৪৪	২৯৫১৪	০.২৮০০
৪৩৪৪	২৯৫২০	০.০৬০০
৪৩৪৪	২৯৫২১	০.০১০০
১৫৮৫	২৯৫৮৮	০.০৯০০
১৫৮৯	২৯৫৯০	০.২৬০০
১২৭৩/৩	২৯২৭০	০.০১০০
১২৭৩/৩	২৯২৭১	০.৫৬০০
১৫৮৭	২৯৪৮৪	০.০২০০
৪৩৪৪	২৯৫২০	০.১২০০
১	২৯৪৫৮	০.০১০০
১	২৯৪৮৬	০.০৬০০
৭২০	২৯৩১২	০.২০০০
১৭৮৫	২৯৪২৫	০.১৯০০
১৭৮৫	২৯৪২৪	০.১০০০
	মোট =	**১৩.৬৯০০ একর**

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম
(ভূমি অধিগ্রহণ শাখা)
এল.এ কেস নং-২৪/১৯৯৮-৯৯
ফরম-ঘ
(৫নং বিধি দ্রষ্টব্য)
'ঘোষণা'

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল:

তফসিল

জেলা: চট্টগ্রাম, থানা: কোতোয়ালী, মৌজা : আলমশাহ কাঠগড়, জে.এল.নং-৫

বি.এস.খতিয়ান নং	বি.এস.দাগ নং	অংশ	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
২৩৯	১২	আংশিক	০.০০০৮
২৩৯	১৩	আংশিক	০.০২০৫
২৩৯	১৫	আংশিক	০.০২৬২
২৩৯	১৬	আংশিক	০.০০০৩
১৫৬	১০৬	আংশিক	০.০০২৭
৬০	৫০১	আংশিক	০.০০২৮
২১৮	৫১৫	আংশিক	০.০০১৫
৯৪	৫১৭	আংশিক	০.০০৩৩
৬৯	৫৩৮	আংশিক	০.০০৫২
৭৪	৫৩৯	আংশিক	০.০০৬৮
১৯৫	৮৪৬	আংশিক	০.০০৪৪
		মোট জমির পরিমাণ =	**০.০৭৪৫ একর**

জেলা: চট্টগ্রাম, থানা: কোতোয়ালী, মৌজা : উত্তর পাহাড়তলী খুলশী, জে.এল.নং-১।

বি. এস. খতিয়ান নং	বি. এস. দাগ নং	অংশ	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
২২০	১১২৫	আংশিক	০.০০১৮
২২০	১১২৬	আংশিক	০.০০১৭
২২০	১১২৭	আংশিক	০.০৩৬৯
২৪০	১১৪৩	আংশিক	০.০২০০
১০২	১১৪৪	আংশিক	০.০০৩০
১০২	১১৪৫	আংশিক	০.০০০৫
		মোট জমির পরিমাণ =	**০.০৬৩৯ একর**

জেলা: চট্টগ্রাম, থানা: কোতোয়ালী, মৌজা : জয়পাহাড়, জে.এল.নং-৬।

বি.এস.খতিয়ান নং	বি.এস.দাগ নং	অংশ	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
৭৫	১	আংশিক	০.০০৬৪
১০১	২	আংশিক	০.০০২৮
২৩	৩	আংশিক	০.০০৩২
৭২	৯	আংশিক	০.০১০৭
৩৬	১৩	আংশিক	০.০৬৭০
মোট জমির পরিমাণ=			**০.০৯০১ একর**

চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানাধীন আলমশাহ কাঠগড়, উত্তর পাহাড়তলী খুলশী এবং জয়পাহাড় মৌজায় সর্বমোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ=০.২২৮৫।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
(ভূমি অধিগ্রহণ শাখা)
এল.এ কেস নং-৫২(বি)/১৯৮১-৮২
ফরম-ঘ
'ঘোষণা'
[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-০৭-২০২৩ খ্রিঃ তারিখের আদেশে হুকুম দখল করা হইয়াছিল।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

জেলা: ঝালকাঠি, উপজেলা: রাজাপুর, মৌজার নাম: সাতুরিয়া, জে.এল. নং-১

দাগনং (এস.এ)	খতিয়ান নং (এস.এ)	পূর্ণ/ আংশিক	দাগের মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)	জমির রেকর্ডীয় শ্রেণি
২৬২	২৫৩, ৪৩৯, ৭০৬, ৪২৬	আংশিক	০.২৮	০.০৩	ভিটা
২৬৫	৭০৬	আংশিক	০.২৬	০.১০	ভিটা
২৬৬	৩৫৩, ৫৬৯	আংশিক	০.৭৪	০.৪৫	ভিটা
২৬৭	৩৫৩, ৫৬৯	সম্পূর্ণ	০.১৮	০.১৫	ভিটা
২৬৮	৪৩৯, ৪২৬, ৭০৬	সম্পূর্ণ	০.১৯	০.১৭	ভিটা
			সর্বমোট =	**০.৯০ একর**	

জমির নক্সা ঝালকাঠি ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

মোঃ মমিন উদ্দিন
জেলা প্রশাসক।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পবা, রাজশাহী

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩/০১ অক্টোবর ২০২৬

নং **০৫.৪৩.৮১৭২.০০০.১৪.০০৭.২৫-১৩০৬**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫ (২) মতে আমার ওপর অর্পিত ক্ষমতাবলে আমি জনাব মোঃ ইবনুল আবেদীন, উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী, এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, রাজশাহী জেলার পবা উপজেলাধীন ০৫ নং হড়গ্রাম ইউনিয়ন পরিষদের ৮(আট) নং ওয়ার্ডের সদস্য মরহুম মো: মুনজুর রহমান গত ১৭-০৮-২০২৬ খ্রি. তারিখে আনুমানিক বেলা ১০:৪৫ ঘটিকার সময় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি.....রাজেউন)।

এমতাবস্থায়, ইন্তেকালের তারিখ অর্থাৎ ১৭-০৮-২০২৬ খ্রি. তারিখ হতে একই আইনের ধারা ৩৫(২) মতে ৫ নং হড়গ্রাম ইউনিয়ন পরিষদের ৮(আট) নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ ইবনুল আবেদীন
উপজেলা নির্বাহী অফিসার।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(প্রশাসন শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ

নং ১ই-৪৩০/২০১৭/-৮৩৬৭—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রশাসনিক কর্মকর্তাকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২৩,০০০—৫৫,৪৭০ টাকা বেতন স্কেলে অস্থায়ীভাবে বাংলাদেম সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কোর্ট কিপার পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রমিক নং	নাম ও পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদ
১।	জনাব মোঃ সফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা	কোর্ট কিপার

২। তাঁর উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬ (১) (খ) ও (২)(খ) এর নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে:

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবে। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিশ-এর মেয়াদ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিশকালে তাঁর কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষ অসন্তোষজনক অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে মনে করেন তবে শিক্ষানবিশকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।

৩। এ পদোন্নতির আদেশ কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

মুহাম্মদ নূরুল আমীন বিপ্লব
রেজিস্ট্রার।

প্রজ্ঞাপন

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ

নং **৮৪২৩এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত নিম্নবর্ণিত ০১(এক) জন ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার এর চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫-এর অনুচ্ছেদ ৭(১) উপ-অনুচ্ছেদ অনুযায়ী পদোন্নতি ব্যতিরেকে একই পদে চাকরির ১০(দশ) বৎসর পূর্তিতে কোনো টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্ত না হওয়ায় এবং তার চাকরির রেকর্ড সন্তোষজনক হওয়ায় নিম্নবর্ণিত শর্তে সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৬,০০০—৩৮,৬৪০/-(১০ম গ্রেড) হতে পরবর্তী উচ্চতর গ্রেডে ২২,০০০—৫৩,০৬০/-(৯ম গ্রেড) [জাতীয় বেতন স্কেল/২০১৫ এর (১০ম গ্রেড)হতে পরবর্তী উচ্চতর গ্রেডে ২২,০০০—৫৩,০৬০/-(৯ম গ্রেড)] বেতন প্রদান করা হলো:

ক্রঃ নং	নাম ও পদবি	ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার পদে যোগদানের তারিখ, বেতন স্কেল ও গ্রেড	বর্তমান স্কেল, গ্রেড ও মূল বেতন	১০ (দশ) বছর পূর্তির তারিখ	উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল
১।	জনাব রাসেল আহমেদ ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার	২৪-০৮-২০১৬ জাঃ বেঃ স্কেল/১৫ ১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০)	জাঃ বেতন স্কেল/১৫ গ্রেড-১০ ১৬,০০০—৩৮,৬৪০/- (২৬,১২০/-)	২৩-০৮-২০২৬	২৪-০৮-২০২৬ জাঃ বেঃ স্কেল/১৫ গ্রেড-৯ ২২,০০০—৫৩,০৬০/-

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

আদেশক্রমে

মুহাম্মদ নূরুল আমীন বিপ্লব
রেজিস্ট্রার।

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়

অফিস আদেশ

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩/০৪ অক্টোবর ২০২৬

নং **০৪.০১.০০০০.১০৪.৮৩.০১১.২৫.৩৯৩১৬**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নম্বর ৩৭২১৭, তারিখ: ২২-০৯-২০২৬ খ্রি. মূলে ০৬(ছয়) জন কর্মচারীকে কোর্ট পরিদর্শক পদ হতে সহকারী পরিচালক পদে এবং স্মারক নম্বর ৩৬০৭৫, তারিখ: ১৬-০৯-২০২৬ খ্রি. মূলে ০৩(তিন) জন কর্মচারীকে সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদ হতে উপসহকারী পরিচালক পদে পদোন্নতি প্রদান করায় উক্ত কর্মকর্তাগণ তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় যোগদান করেছেন:

ক্রমিক	**কর্মকর্তাগণের নাম, পূর্ববর্তী পদবি ও কর্মস্থল**	**পদোন্নতিপ্রাপ্ত পদ**	**পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ**
১.	জনাব মো: সাইফুল ইসলাম, কোর্ট পরিদর্শক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সহকারী পরিচালক	২২-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
২.	জনাব মো: শফিকুল ইসলাম, কোর্ট পরিদর্শক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা ।	সহকারী পরিচালক	২২-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
৩.	জনাব মো: জাহিদুল ইসলাম, কোর্ট পরিদর্শক, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, বগুড়া।	সহকারী পরিচালক	২২-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
৪.	জনাব আমির হোসেন, কোর্ট পরিদর্শক, দুর্নীতি দমন কমিশন, ঢাকা-১, সংযুক্ত ঢাকা কোর্ট, প্রসিকিউশন শাখা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সহকারী পরিচালক	২২-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
৫.	জনাব মো: হোসেন আলী, কোর্ট পরিদর্শক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রংপুর।	সহকারী পরিচালক	২২-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
৬.	জনাব মো: জাহিদুল ইসলাম, কোর্ট পরিদর্শক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী।	সহকারী পরিচালক	২২-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে

ক্রমিক	কর্মকর্তাগণের নাম, পূর্ববর্তী পদবি ও কর্মস্থল	পদোন্নতিপ্রাপ্ত পদ	পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ
৭.	জনাব গিয়াস মোল্লা, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	উপসহকারী পরিচালক	১৬-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
৮.	জনাব মো: ফরহাদ হোসেন, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	উপসহকারী পরিচালক	১৬-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে
৯.	জনাব রূপল সাহা, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	উপসহকারী পরিচালক	১৬-০৯-২০২৬ খ্রি. পূর্বাহ্ণে

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক পদে যোগদানকৃত বর্ণিত ০৯(নয়) জন কর্মকর্তাগণের যোগদানপত্র গৃহীত হলো।

মো: মহিউদ্দিন জাহাঙ্গীর
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

আর্মড পুলিশ ব্যাটালিয়ন হেডকোয়ার্টার্স

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **এপিবি.হে.কো./রেকর্ড-২০২৬/৮৮১২**—জনাব মোঃ আবু বকর মিয়া, বিপি-৬৭৯৯০৩৭২৮৬, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ১ এপিবিএন, উত্তরা, ঢাকা এর জন্ম তারিখ: ৩১-১০-১৯৬৭ অনুযায়ী ৩০-১০-২০২৬ তারিখ বয়স ৫৯ বছর পূর্ণ হওয়া সাপেক্ষে তার আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ৩০-১০-২০২৬ তারিখ তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রেরিত প্রত্যয়নপত্র অনুযায়ী উক্ত কর্মকর্তার অর্জিত ছুটি পাওনা থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ এর অনুচ্ছেদ-৮ এর ৩(ক) মোতাবেক ৩১-১০-২০৬ হতে ৩০-১০-২০২৭ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাস পূর্ণ গড়বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি মোতাবেক অবসর ও অবসর উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **এপিবি.হে.কো./রেকর্ড-২০২৬/৮৮১৩**—জনাব মোঃ রফিকুল ইসলাম, বিপি-৬৭৮৭০৮৮৮৬৫, সশস্ত্র পুলিশ পরিদর্শক, ১ এপিবিএন, উত্তরা, ঢাকা এর জন্ম তারিখ: ১৫-১০-১৯৬৭ অনুযায়ী ১৪-১০-২০২৬ তারিখ বয়স ৫৯ বছর পূর্ণ হওয়া সাপেক্ষে তার আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ১৪-১০-২০২৬ তারিখ তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রেরিত প্রত্যয়নপত্র অনুযায়ী উক্ত কর্মকর্তার অর্জিত ছুটি পাওনা থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ এর অনুচ্ছেদ-৮ এর ৩(ক) মোতাবেক ১৫-১০-২০২৬ হতে ১৪-১০-২০২৭ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাস পূর্ণ গড়বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি মোতাবেক অবসর ও অবসর উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

হাসিব আজিজ, বিপিএম
অ্যাডিশনাল আইজি।

প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
সংস্থাপন শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৫.৩৬.০০০০.২১৬.১৯.০০২.২৬/১৭৯**—নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

জনাব রিন্টু রায়, উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), কুড়িগ্রাম গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম। ই/এম প্রাক্কলন শাখা—গণপূর্ত ই/এম উপ-বিভাগ. পাবনা। উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) এর শূন্য পদে।

২। বদলিকৃত উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)' কে ০৪-১০-২০২৬ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে দায়িত্বভার হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ০৫-১০-২০২৬ তারিখে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত হয়েছেন' মর্মে গণ্য হবেন।

মোঃ খালেকুজ্জামান চৌধুরী
প্রধান প্রকৌশলী ।

সংস্থাপন শাখা-১

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩/২৭ সেপ্টেম্বর ২০২৬

নং ২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৮.২৪-১৩৬৮—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত স্থনে পদায়ন করা হলো:

জনাব ফেরদৌস ইবনে ইদ্রিস, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম উপ-বিভাগ-২, ঢাকা।

২। বদলিকৃত কর্মকর্তাকে আগামী ৩০-০৯-২০২৬ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ০১-১০-২০২৬ তারিখ হতে "তাৎক্ষণিকভাবে অবমুক্ত" হয়েছেন মর্মে গণ্য হবেন।

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩/৩০ সেপ্টেম্বর২০২৬

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪-১৩৮১**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল)'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো:

জনাব খালেদ সাইফুল্লাহ, উপ-বিভাগীয় প্রকৌশলী, খাগড়াছড়ি গণপূর্ত উপ-বিভাগ, খাগড়াছড়ি—উপ-বিভাগীয় প্রকৌশলী, ঢাকা গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা।

২। জনাব আল আহসান আতিক, উপ-বিভাগীয় প্রকৌশলী, ঢাকা গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা এর বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর ৩০-০৯-২০২৬ তারিখের পরিবর্তে ০৭-১০-২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। অন্যথায় তিনি ০৮-১০-২০২৬ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

৩। বদলিকৃত কর্মকর্তাকে আগামী ০৭-১০-২০২৬ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর পূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় তিনি ০৮-১০-২০২৬ তারিখ হতে "তাৎক্ষণিকভাবে অবমুক্ত" হয়েছেন' মর্মে গণ্য হবেন।

মোঃ খালেকুজ্জামান চৌধুরী
প্রধান প্রকৌশলী।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
(মাঠ প্রশাসন শাখা)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩/২৮ অক্টোবর ২০২৬

নং **০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০২.২৬-৬৮১**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/ পদায়ন করা হলো:

(১) জনাব মো: রোকনুজ জামান (১৮৩৮৭), উপজেলা নির্বাহী অফিসার ফকিরহাট, বাগেরহাট—উপজেলা নির্বাহী অফিসার শ্রীপুর, মাগুরা।

(২) জনাব তাসমীয়া আক্তার রোজী (১৮৮০৪), বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পরবর্তী পদায়নের জন্য যোগদানকৃত)—উপজেলা নির্বাহী অফিসার ফকিরহাট, বাগেরহাট।

২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের এক্তিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ধারা ৩(৩) মোতাবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

৩। ক্রমিক নং ০২ বর্ণিত কর্মকর্তা গত ২০-০৯-২০২৬ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন এবং তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩/২৯ সেপ্টেম্বর ২০২৬

নং **০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০২.২৬-৬৮৫**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/ পদায়ন করা হলো:

জনাব মোঃ মাসুদুর রহমান (১৮৭৮৯)—বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পরবর্তী পদায়নের জন্য যোগদানকৃত)—উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।

২। বর্ণিত কর্মকর্তাকে এক্তিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ধারা ৩(৩) মোতাবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তা গত ২৭-০৮-২০২৬ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন এবং তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তাকে অদ্য ২৯-০৯-২০২৬ তারিখ আপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০২.২৬-৬৮৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/ পদায়ন করা হলো:

জনাব তাসমীয়া আক্তার রোজী (১৮৮০৪), উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট বাগেরহাট হিসেবে বদলির আদেশাধীন—উপজেলা নির্বাহী অফিসার শ্রীপুর, মাগুরা।

২। বর্ণিত কর্মকর্তাকে তার এক্তিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর (৩) মোতাবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তা গত ২০-০৯-২০২৬ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন এবং তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ ভাতাদি প্রদান করা হয়নি। তাকে অদ্য ২৯-০৯-২০২৬ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৪। এ কার্যালয়ের গত ২৮-০৯-২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০২.২৬.৬৮১ নং প্রজ্ঞাপনের ১নং ক্রমিকে বদলির আদেশাধীন জনাব মো: রোকনুজজামান (১৮৩৮৭), উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট, বাগেরহাট এর প্রযোজ্য অংশটুকু নির্দেশক্রমে বাতিল করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ২৯-০৯-২০২৬ তারিখ থেকে কার্যকর হবে।

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩/০১ অক্টোবর ২০২৬

নং **০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০১.২৬.৬৯২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

(১) জনাব অমিত কুমার বিশ্বাস (১৯০৯১), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পদায়নের জন্য যোগদানকৃত)—জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।

(২) জনাব এস, এম, সিরাজুস সালেহীন (১৯১০৮), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পদায়নের জন্য যোগদানকৃত)—জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।

(৩) মিজ্ সৈয়দজাদী মাহবুবা মঞ্জুর মৌনা (১৯১৫৮), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পদায়নের জন্য যোগদানকৃত)—বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

(৪) জনাব রিয়াজ উদ্দিন আহমেদ (১৯১৬০), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পদায়নের জন্য যোগদানকৃত)—জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।

২। এ কার্যালয়ের ০১-১০-২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০১.২৬.৬৯০ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তাগণকে কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। ক্রমিক নং ০৩ এ বর্ণিত কর্মকর্তা ব্যতীত অন্যান্য কর্মকর্তাগণকে অদ্য ০১-১০-২০২৬ তারিখ আপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩/০৪ অক্টোবর ২০২৬

নং **০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০১.২৬.৬৯৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

জনাব আশীষ কুমার বসু (১৯১০৬), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পদায়নের জন্য যোগদানকৃত)—জেলা প্রশাসকের কার্যালয় খুলনা।

২। বর্ণিত কর্মকর্তা অদ্য ০৪-১০-২০২৬খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। এ কার্যালয় হতে তাকে কোনো বেতন ভাতাদি প্রদান করা হয়নি। তাকে অদ্য ০৪-১০-২০২৬ তারিখ আপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩/০৭অক্টোবর ২০২৬

নং **০৫.৪৪.০০০০.০০০.০০৬.৫১.০০০২.২৬-৭০৭**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/ পদায়ন করা হলো:

জনাব মোঃ রাইসুল ইসলাম (১৮৮৮৭), বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (পরবর্তী পদায়নের জন্য যোগদানকৃত)—উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।

২। বর্ণিত কর্মকর্তাকে এক্তিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ধারা ৩(৩) মোতবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তা অদ্য ০৭-১০-২০২৬ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তাকে অদ্য ০৭-১০-২০২৬ তারিখ আপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আবু সাঈদ
সিনিয়র সহকারী কমিশনার।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

নং **আরজেএসসি/সি-১৩৮৭৬৮/১৩০৭(১)**—মহামান্য হাইকোর্ট বিভাগের কোম্পানি ম্যাটার নং ৭৫১ অব ২০২৩ এবং আদেশের তারিখ: ০৭-০৮-২০২৫ তারিখের আদেশ অনুসারে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধিত "Siamgas Bangladesh Limited (C-138768)" নামীয় কোম্পানিটির নাম নিবন্ধন বহি হতে কর্তন করা হলো।

নং **আরজেএসসি/সি-১৩৫৭৯০/১৩০৭**—মহামান্য হাইকোর্ট বিভাগের কোম্পানি ম্যাটার **নং ৭৫২ অব ২০২৩ এবং আদেশের তারিখ: ০৭-০৮-২০২৫** তারিখের আদেশ অনুসারে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধিত "SIAMGAS-J&J INTERNATIONAL LIMITED (C-135790)" নামীয় কোম্পানিটির নাম নিবন্ধন বহি হতে কর্তন করা হলো।

অনন্ত কুমার পাল
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তি

তারিখ: 06-OCT-26

নং **আরজেএসসি/ডি,এন/১৭৯০০**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, NOVOTEX LTD. [C-173134] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

Md, Rafiqul Islam
Assistant Register
নিবন্ধকের পক্ষে।

জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

(ভূমি অধিগ্রহণ শাখা)

(স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর অধীন এল. এ. কেস নম্বর ১১/২০২২-২৩)

অধিগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

যেহেতু, সরকার নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি "গোপালগঞ্জ জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত), এর আওতায় গোপালগঞ্জ সদর উপজেলাধীন বোড়াশী আরএইচডি (শতিশের পুল)-মুজিব বাজার সড়কে ১৮৯০মি. চেইনেজে ২১.০০ মিঃ আরসিসি স্লাব ব্রীজের পশ্চিম পার্শ্বে এপ্রোচ সড়ক নির্মাণ প্রকল্প" বাস্তবায়নের নিমিত্ত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ এর অনুকূলে অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

যেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ধারা ১১ অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ পরিশোধিত বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষুণে উক্ত আইনের ধারা ১৩(২) উপধারা অনুযায়ী ঘোষণা করা যাইতেছে যে, উক্ত সম্পত্তি বাধতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা-গোপালগঞ্জ, উপজেলা-গোপালগঞ্জ সদর, মৌজা-বোড়াশী, জে.এল. নং-১১৮।

খতিয়ান নং (বি. আর. এস)	দাগ নং (বি. আর. এস)	রেকর্ডীয় শ্রেণি	বর্তমান শ্রেণি		দাগে মোট জমির পরিমাণ (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
			নাল	চালা		
৭৭৮	৫৫৫৩	নাল	০.৩০০০	-	০.৩০০০	০.৩০০০
১৫৫৬	৫৫৫৭	নাল	-	০.০৯০০	০.১৬০০	০.০৯০০

